

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০০২.২৬.৭

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: “এস. আর. এমব্রয়ডারী” নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে ৫ম শ্রেণির ১ম এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদান।

সূত্র: আবেদনপত্র নং-২১, তারিখঃ ০৬/০১/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, এস. আর. এমব্রয়ডারী, অফিস ও কারখানাঃ বাড়ী/প্লট/হোল্ডিং নং- কে-৬৯/২, বাসন সড়ক, নাভানা মোড়, ভোগড়া, বাসন, গাজীপুর নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যার নিবন্ধন সংখ্যা: বস্ত্র/এমআই/আরএমজি/এল-০০০২৭৯, তারিখঃ ১৮/১২/২০২৫ খ্রিঃ এবং শিল্প উপ-খাত: “এমব্রয়ডারি”। শিল্প প্রতিষ্ঠানটির কর্তৃপক্ষ কাঁচামাল আমদানির লক্ষ্যে কারখানার অনুকূলে ১ম এডহক শিল্প আইআরসি জারির সুপারিশপত্রের জন্য অত্র অধিদপ্তরে আবেদন জানালে তাদের দাখিলকৃত কাগজপত্রাদি অত্র অধিদপ্তরে পরীক্ষা-নিরীক্ষার পর এডহক ভিত্তিতে কাঁচামাল আমদানির লক্ষ্যে বর্ণিত কারখানার অনুকূলে নিম্নোক্ত ছক মোতাবেক ৫ম শ্রেণির ১ম এডহক শিল্প আইআরসি জারির সুপারিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী এমব্রয়ডারি শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

শিল্প উপখাত	এইচ এস কোড নম্বর	যাঙ্গাসিক আমদানি স্বত্ব	বার্ষিক আমদানি স্বত্ব
“এমব্রয়ডারি”	তালিকা সংযুক্তি	২,৫০,০০,০০০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ) টাকা মাত্র	৫,০০,০০,০০০/- (পাঁচ কোটি) টাকা মাত্র

উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে “এস. আর. এমব্রয়ডারী” নামক বস্ত্র শিল্প কারখানাটি ১০০% রপ্তানিমুখী “এমব্রয়ডারি” শিল্প প্রতিষ্ঠান হওয়ায় প্রতিষ্ঠানটির অনুকূলে ৫ম শ্রেণির ১ম এডহক শিল্প আইআরসি প্রদানের জন্য নির্দেশক্রমে সুপারিশ করা হলো।

উল্লেখ্য যে, অত্র সুপারিশ উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ-কে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।

সংযুক্তি: বর্ণনামতে।

২২-০১-২০২৬

মোঃ সাইফুর রহমান
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০৩.১৮.০০০২.২৬.৭/১ (৭)

তারিখ: ৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২২ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৪। পিএ টু পরিচালক (বস্ত্র), বস্ত্র অধিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। প্রোপাইটর, এস. আর. এমব্রয়ডারী, অফিস ও কারখানাঃ বাড়ী/প্লট/হোল্ডিং নং- কে-৬৯/২, বাসন সড়ক, নাভানা মোড়, ভোগড়া, বাসন, গাজীপুর।
- ৬। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি, ।



২২-০১-২০২৬

কামরুল আলম

সহকারী পরিচালক (কারিগরি)।